১৫৬

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... MAR. 19. 1999 ... ...
পৃষ্ঠা ৩ কলাম ২.....

### আয়োজকদের সঙ্গে বিএনপি'র বিরোধ মিটে গেছে

# সার্কভুক্ত দেশের স্পীকার ও সংসদ সদস্যদের সম্মেলন শুরু আজ

রেজোয়ানুল হক

সার্কভুক্ত দেশসমূহের স্পীকার ও সংসদ সদস্যদের অংশগ্রহণে আজ ঢাকায় তিন দিনের আন্তর্জাতিক সম্মেলন শুরু হচ্ছে। সম্মেলন নিয়ে আয়োজকদের সঙ্গে প্রধান বিরোধী দল বিএনপি'র যে বিরোধ সৃষ্টি হয়েছিল, তা ইতোমধ্যে মিটে গেছে। সম্মেলনের সমাপনী অধিবেশনে বিরোধী দলীয় নেত্রী খালেদা জিয়াকে প্রধান অতিথি করা না হলে বিএনপি এ সম্মেলন বর্জনের হুমকি দিয়েছিল। সম্মেলনের আয়োজক 'সার্ক স্পীকারস' এ্যান্ড পার্লামেন্টারিয়ানস এ্যাসোসিয়েশন'-এর বাংলাদেশ শাখা, স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী যার চেয়ারম্যান, অবশেষে বিএনপি'র দাবি মেনে নিয়ে সমাপনী অধিবেশনের কর্মসূচীতে পরিবর্তন এনেছে এবং বেগম জিয়াকে এ অধিবেশনের প্রধান অতিথি করা হয়েছে। সরকারী দল আওয়ামী লীগের একজন দায়িত্বশীল নেতা জনকণ্ঠকে বলেন, বিষয়টি নিয়ে দলীয় পর্যায়ে আলোচনার পর রাজনৈতিক স্থিতিশীলতার স্বার্থে তারাও বিএনপি'র দাবি মেনে নিতে স্পীকারকে অনুরোধ জানিয়েছিলেন।

প্রধানমন্ত্রী ও সংসদ নেত্রী শেখ হাসিনা আজ সকাল সাড়ে ১০টায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সম্মেলনের উদ্বোধন করবেন। এটি এ ধরনের তৃতীয় সম্মেলন। এর আগে ১৯৯৫ সালে ভারতে এবং '৯৭ সালে পাকিস্তানে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

ঢাকা সম্মেলনে ভারতের ৯ জন, শ্রীলঙ্কার ৫ জন, পাকিস্তানের ৮ জন, নেপালের ৯ জন, মালদ্বীপের ৪ জন, ভুটানের ৮ জন এবং স্বাগতিক বাংলাদেশের ৮ সদস্যের প্রতিনিধি দল অংশ নেবে। এদের মধ্যে শ্রীলঙ্কা ও মালদ্বীপ বাদে বাকি ৫টি দেশের পার্লামেন্টের স্পীকার নিজ নিজ প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন। তাঁরা হলেন, ভারতের লোকসভার স্পীকার জিএমসি বালাযোগী, পাকিস্তানের মজলিশে শুরার স্পীকার এলাহী বখত শমরু, ভুটানের ন্যাশনাল এসেম্বলি'র স্পীকার লিয়োনপো কিনজ্যাং দর্জি এবং নেপালের সংসদের স্পীকার রামচন্দ্র পাউডেল। শ্রীলঙ্কা দলের নেতৃত্ব দেবেন সে দেশের পার্লামেন্টের ডেপুটি স্পীকার অনিল মুনেসিঙ্গে এবং মালদ্বীপের 'পিপলস মজলিশ'-এর সিনিয়র সদস্য আব্দুল হামিদ আব্দুল হাকিম।

স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরীর নেতৃত্বাধীন বাংলাদেশ প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন, ডেপুটি স্পীকার আব্দুল হামিদ, বিরোধীদলীয় উপনেতা অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী, পররাষ্ট্র প্রতিমন্ত্রী আবুল হাসান চৌধুরী, বিএনপি'র ডঃ মঈন খান, আওয়ামী লীগের অধ্যাপক আলী আশরাফ, জাতীয় পার্টির ব্যারিস্টার রাবেয়া ভুইয়া এবং সংসদ সচিবালয়ের সচিব কাজী মঞ্জুরে মওলা।

দক্ষিণ-পূর্ব এশিয়ার ৭টি দেশ নিয়ে সার্ক গঠিত হবার পর এসব দেশের স্পীকার ও সংসদ সদস্যদের মধ্যে মত বিনিময় এবং ঘনিষ্ঠ সম্পর্কের মাধ্যমে সংসদীয় রাজনীতির উন্নয়নের লক্ষ্যে সার্ক স্পীকারস এ্যান্ড পার্লামেন্টারিয়ানস এ্যাসোসিয়েশন গঠন করা হয়েছিল। ঢাকায় অনুষ্ঠিতব্য এ সংগঠনের তৃতীয় সম্মেলনের কর্মসূচীর মধ্যে রয়েছে 'এথিক্যাল স্ট্যান্ডার্ড অব পার্লামেন্টারিয়ানস এ্যান্ড কনফ্লিক্ট অব ইন্টারেস্ট' এবং 'কমিউনিকেশন এ্যান্ড এক্সচেঞ্জ অব ইনফরমেশন এমোং সার্ক কান্ট্রিজ' শীর্ষক দু'টি সেমিনার। বাংলাদেশ, শ্রীলঙ্কা ও ভারতের পক্ষ থেকে এসব সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করা হবে। এছাড়া সম্মেলনে অংশগ্রহণকারীরা জাতীয় স্মৃতিসৌধ, বঙ্গবন্ধু সেতু, যাদুঘর ইত্যাদি দর্শনীয় স্থানসমূহে যাবেন এবং রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও স্পীকারের দেয়া ভোজে অংশ নেবেন। এই সম্মেলনের মাধ্যমে স্পীকার হুমায়ুন রশীদ চৌধুরী সার্কের এই সংগঠনের পরবর্তী চেয়ারম্যান নির্বাচিত হবেন এ ছাড়া সংগঠনের পরবর্তী কার্যসূচীও এ সম্মেলনে গ্রহণ করা হবে।